

# ২৩তম কানাগাওয়া দ্বিবার্ষিক বিশ্ব শিশুদের চিত্রকর্ম প্রদর্শনী

আবেদনের জন্য ঘোষণা

বিষয়

নিজের পছন্দ অনুযায়ী বিষয় নির্বাচন করে ছবি আঁকা যাবে।

আবেদনের সময়

১লা সেপ্টেম্বর ২০২৪(২০২৪)থেকে ৩০ই নভেম্বর ২০২৪(২০২৪)পর্যন্ত

লক্ষ্য

**আবেদনের যোগ্যতা**

☑ কানাগাওয়া প্রিফেকচারের বাসিন্দা বা কানাগাওয়া প্রিফেকচারে অবস্থিত বিদ্যালয়ের শিক্ষার্থী।

☑ জাপানে অবস্থিত বিদেশী স্কুলের শিক্ষার্থী।

☑ জাপানের বাইরে বসবাসকারী।

◎ বয়স সীমা

১লা সেপ্টেম্বর ২০২৪(২০২৪) পর্যন্ত যারা ৪(৪)থেকে ১৫ বছর বয়সী সেই শিশুদের জন্য উন্মুক্ত।

(যাদের জন্ম ২রা সেপ্টেম্বর ২০০৮ এবং ১লা সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে)

**(২) চিত্রকর্ম প্রস্তুত করা:**

◎ বিষয়: নিজের পছন্দ অনুযায়ী।

◎ দ্বি-মাত্রিক চিত্রকর্ম

◎ পেইন্টিং এর মাধ্যম: জলরঙ, তেল রং, ক্রেয়ন, প্যাস্টেল, প্রিন্ট, কোলাজ ইত্যাদি।

◎ এন্ট্রি সংখ্যা: জনপ্রতি একটি এন্ট্রি। একজন একটি করে আবেদন করতে পারবে।

একজন একটির বেশী আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

আবেদনের পরে কোন পরিবর্তন গ্রহণযোগ্য হবে না

◎ আবেদনকারীর নিজের নতুন চিত্রকর্ম।

◎ যা অন্যকোন প্রতিযোগিতায় উপস্থাপন করা হয়নি।

◎ আকার:

• কোয়ার্টো সাইজ বা ৩৮সেমি × ৫৪সেমি (38 cm × 54 cm) এর মধ্যে।

• ক্যানভাসের আকার: F8 এর চেয়ে কম ৩৮সেমি × ৫৪সেমি (38 cm × 54 cm)

### □ যা আবেদন যোগ্য নয়!

- কম্পিউটার বা ডিজিটাল ডিভাইস দিয়ে গ্রাফিক ডিজাইন, কৃত্রিম বুদ্ধিমত্তা বা AI দিয়ে আঁকা ছবি ইত্যাদি ।
- সহজে ভেঙে যায় এমন অসম পৃষ্ঠের কাজ বা পুরুত্ব ১সেন্টিমিটারের বেশি।
- অন্য কারো সঙ্গে বা সহযোগিতার মাধ্যমে আঁকা ছবি কিংবা সিরিজ পেইন্টিং।
- ফ্রেমযুক্ত কাজ।
- মাটি, বালি, খাদ্য, গাছপালা, এবং পশু পণ্য অন্তর্ভুক্ত কাজ।

### (৩) প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত করা।

ধাপ ১: ওয়েবসাইট অ্যাক্সেস করুন এবং "আবেদন ফর্ম A" এবং "আবেদন ফর্ম B" মুদ্রণ করুন।

<https://kanagawabiennial.jp/en/callforentries>

ধাপ ২: "আবেদন ফর্ম A" তে প্রয়োজনীয় তথ্য পূরণ করুন । "আবেদন ফর্ম A" এবং ঠিকানা স্লিপ কেটে আলাদা করুন। "আবেদন ফর্ম A" পেইন্টিং এর পিছনে এবং ঠিকানা স্লিপ পার্সেল এর প্যাকেট এর উপরে পেস্ট করুন। ঠিকানা স্লিপ এবং "আবেদন ফর্ম A" ENGLISH ব্লক ক্যাপিটাল লেটার এ পূরণ করুন।

ধাপ ৩: "আবেদন ফর্ম B"-তে প্রয়োজনীয় তথ্য পূরণ করুন এবং এটি আপনার আঁকা পেইন্টিং এর সাথে প্রেরণ করুন । (গ্রুপ আবেদনের সময় পার্সেল এর প্যাকেট একটি এবং আবেদনকারীর সংখ্যা ১ থেকে ১০ জন হলে "আবেদন ফর্ম B" একটিই যথেষ্ট কিন্তু ১০ জন এর বেশী হলে ফর্ম এর নিচে of লেখা স্থানে পেজ নাম্বার লিখুন এবং প্রয়োজন অনুযায়ী "আবেদন ফর্ম B" যুক্ত করুন)।

"আবেদন ফর্ম A" এবং "আবেদন ফর্ম B" উভয়ই প্রয়োজনীয় ডকুমেন্ট! শুধু একটা দিয়ে আবেদন গ্রহণযোগ্য নয় তাই উভয়ই প্রেরণ করুন।

### (৩) পাঠানোর মাধ্যমঃ কিভাবে পেইন্টিং পাঠাবেন ?

সময়কাল: ০১/০৯/২০২৪ (রবি) - ৩০/১১/২০২৪(শনি)

শুধুমাত্র ডাক দ্বারা: প্রেরক নিজে প্রেরণের সকল খরচ বহন করবে।

প্রেরিত পার্সেল গ্রহণের সময়ঃ আর্থ প্লাজার কর্মঘন্টা সকাল ৯টা থেকে ৫টার মধ্যে (9am-5pm)

প্রেরনের ঠিকানাঃ

〒247-0007 Yokohama, Sakae-Ku, Kosugaya 1-2-1  
Kanagawa Plaza for Global Citizenship (Earth Plaza)  
Kanagawa Biennial World Children's Art Exhibition

#### (৫) ফলাফলের জন্য অপেক্ষা!

২০২৫সালের মার্চ মাস থেকে আমাদের ওয়েবসাইটে ফলাফল দেখা যাবে।

(<https://kanagawabiennial.jp/en/>)

জাপানে অবস্থিত অভ্যন্তরীণ আবেদনকারীদেরকে ২০২৫ সালের মার্চের মাঝামাঝি সময়ের মধ্যে জানানো হবে।

গ্রুপ অ্যাপ্লিকেশন (স্কুল, আর্ট স্কুল, ইত্যাদি থেকে): আপনি যে সংস্থার সাথে যুক্ত হয়ে আবেদন করছেন সেই সংস্থার ঠিকানা তে পাঠানো হবে।

ব্যক্তিগত আবেদন: ব্যক্তিগত ঠিকানায় প্রেরণ করা হবে।

#### ►অন্যান্য

##### ○ পুরস্কার বিজয়ীরা

• বিজয়ী কাজগুলি ফেরত দেওয়া হবে না এবং শিল্পের মাধ্যমে আন্তর্জাতিকীকরণ বা বিভিন্ন দেশের সংস্কৃতি প্রচারের কাজ করে এমন প্রকল্পগুলির জন্য ব্যবহার করা হবে।

• বিজয়ীদের জাপানে আমন্ত্রণ জানানোর কোন পরিকল্পনা গ্রহণ করা হবে না।

• বিজয়ী কাজের কপি রাইট এবং মালিকানা (কপিরাইট আইনের ধারা ২৭ এবং ২৮) অনুযায়ী কানাগাওয়া প্রিফেকচারাল সরকারের থাকবে। শিল্পীর কোন কপি রাইট বা মালিকানা থাকবে না।

##### ○ অ-নির্বাচিত আবেদন

• কানাগাওয়া দ্বিবার্ষিক বিশ্ব শিশুদের চিত্রকর্ম প্রদর্শনী এর নিয়ম অনুযায়ী জাপানের বাইরে থেকে আবেদনকারীদের পেইন্টিং ফেরত দেওয়া হবে না।

• অনুরোধের ভিত্তিতে জাপানে অবস্থিত অভ্যন্তরীণ আবেদনকারীদের কে এন্ট্রিগুলি ফেরত দেওয়া হবে।

• অনির্বাচিত কাজের জন্য রিটার্ন সময়কাল ফলাফল ঘোষণা থেকে এক বছর। রিটার্ন পিরিয়ডের পরে, অনির্বাচিত কাজের কপি রাইট এবং মালিকানা আমাদের হবে।

• যে কাজগুলি ফেরত দেওয়া হয় না তা বিভিন্ন সংস্থাগুলিতে অনুদানের জন্য ব্যবহার করা হবে

##### ○ ব্যক্তিগত তথ্যের ব্যবহার

• আবেদনকারীদের ব্যক্তিগত তথ্য যথাযথভাবে পরিচালিত হবে। এছাড়াও, এটি এই চিত্রকর্ম প্রদর্শনী ছাড়া অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা হবে না।